

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৫৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ (৭) আযান

7 _ باب الأذان

আরবী

1656 ـ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا مُسَدَّدُ بْنُ مُسَرْهَدِ عَنْ إِسْمَاعِيلَ بْنِ إِبْرَاهِيمَ عَنْ أَيُوبَ عَنْ أَبِي قِلَابَةَ: عَنْ مَالِكِ بْنِ الْحُويْرِثِ قَالَ: أَتَيْنَا رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَسَلَّمَ وَنَحْنُ شَبَبَةٌ مُتَقَارِبُونَ فَأَقَمْنَا عِنْدَهُ عِشْرِينَ لَيْلَةً فَظَنَّ أَنَّا قَدِ اشْتَقْنَا إِلَى أَهْلِينَا سَأَلَنَا عَمَّنْ تَرَكْنَا فِي أَهْلِينَا فَأَخْبَرْنَاهُ وَكَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَحِيمًا رَفِيقًا فَقَالَ:

(ارْجِعُوا إِلَى أَهْلِيكُمْ فعلِّموهم ومُرُوهُم وَصلُّوا كَمَا رَأَيْتُمُونِي أُصلِّي فَإِذَا حَضرَتِ الصَّلَةُ فَلْيُؤَذِّنْ أحدكم وَلْيَوُّمَّكُمْ أكبركم)

الراوي: مَالِك بْن الْحُوَيْرِثِ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1656 ا خلاصة حكم المحدث: صحيح - ((الإرواء)) (213). قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: قَوْلُهُ صِلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (صَلُّوا كَمَا رَأَيْتُمُونِي أُصلِّي) لَفْظَةُ أَمْرٍ تَشْتَمِلُ عَلَى كُلِّ شَيْءٍ كَانَ يَسْتَعْمِلُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي صَلَاتِهِ فَمَا كَانَ مِنْ تِلْكَ الْأَشْيَاءِ خصَّه الْإِجْمَاعُ أَوِ الْخَبَرُ بِالنَّقْلِ فَهُو لَا حَرَجَ عَلَى تَارِكِهِ فِي صَلَاتِهِ وَمَا لَمْ يَخُصَّهُ الْإِجْمَاعُ أَوِ الْخَبَرُ بِالنَّقْلِ فَهُو أَمْرٌ حَتْمٌ على المخاطبين كافة لا يجوز تركه بحال.

বাংলা

১৬৫৬. মালিক বিন হুরাইরিস রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আমরা (আমাদের এলাকা থেকে)



রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে আসি, আমরা ছিলাম কাছাকাছি বয়সের যুবক। অতঃপর আমরা তাঁর কাছে কুড়ি দিন অবস্থান করি। অতঃপর তিনি মনে করলেন যে, আমরা হয়তো আমাদের পরিবারে প্রতি আসক্ত হয়ে পড়েছি। ফলে তিনি আমাদের জিজ্ঞেস করলেন যে, আমরা বাড়িতে কাদের রেখে এসেছি। আমরা তাকে আমাদের বৃত্তান্ত জানাই। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম অত্যন্ত দয়ালূ, বন্ধুসুলভ মানুষ ছিলেন। তিনি বললেন, "তোমরা তোমাদের পরিবারের কাছে ফিরে যাও, গিয়ে তাদের দ্বীন শিক্ষা দিবে, তাদের বিভিন্ন আমলের নির্দেশ দিবে এবং ঠিক সেভাবে সালাত আদায় করবে যেভাবে সালাত আদায় করতে দেখেছো। আর যখন সালাতের সময় হবে, তখন তোমাদের কেউ যেন আযান দেয় আর তোমাদের মাঝে বয়সে প্রবীণ ব্যক্তি যেন সালাত আদায় করান (ইমামতি করেন)।"[1]

আবৃ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বক্তব্য "ঠিক সেভাবে সালাত আদায় করবে যেভাবে সালাত আদায় করতে দেখেছো" এটি একটি নির্দেশমূলক বাক্য, এটি সেসব আমলকে ব্যাপকভাবে শামিল করে, যা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সালাতে সম্পাদন করেছেন। তবে যেসব কাজ ইজমার ভিত্তিতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্য খাস অথবা হাদীসের মাধ্যমে যেসব কাজ নফল বুঝায়, সেসব কাজ সালাতে ছেড়ে দেওয়াতে কোন দোষ নেই। কিন্তু যেসব কাজ ইজমার ভিত্তিতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্য খাস অথবা হাদীসের মাধ্যমে যেসব কাজ নফল বুঝায় না, সেসব কাজ সম্পন্ন করা প্রতিটি মুখাতাব (শরীয়তের হুকুম বর্তায় এমন) ব্যক্তির উপর আবশ্যক; কোন অব্স্থায় তা ছেড়ে দেওয়া জায়েয় হবে না"।

ফুটনোট

[1] সহীহ আল বুখারী: ৬০০৮; আদাবুল মুফরাদ: ২১৩; সুনান আবূ দাউদ: ৫৮৯; সুনান বাইহাকী: ৩/১২০; মুসনাদ আহমাদ: ৩/৪৩৬; সহীহ মুসলিম: ৬৭৪; নাসাঈ: ২/৯; তাবারানী: ১৯/৬৪০; দারাকুতনী: ১/২৭২-২৭৩; দারেমী: ১/২৮৬; আবূ আওয়ানা: ১/৩৩১; মুসনাদ ইমাম শাফে'ঈ: ১/১২৯; তাহাবী, মুশকিলুল আসার: ২/২৯৬; ইবনু মাজাহ: ৯৭৯; বাগাবী, শারহুস সুন্নাহ: ৪৩১; সহীহ ইবনু খুযাইমাহ: ৩৯৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ২১৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ মালিক ইবনু হুয়াইরিস (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন